



বিভিনিউজের প্রধান সম্পাদক তৌফিক ইমরোজ খালিদী মারা গেছেন



বিভিনিউজের প্রধান সম্পাদক তৌফিক ইমরোজ খালিদী। ছবি: সংগৃহীত

বিভিনিউজ টোয়েন্টিফোর ডটকমের প্রকাশক ও প্রধান সম্পাদক তৌফিক ইমরোজ খালিদী মারা গেছেন। শুক্রবার (২ অক্টোবর) লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন।

চিকিৎসার জন্য কয়েকদিন আগে লন্ডনে গিয়েছিলেন তৌফিক ইমরোজ খালিদী। বৃহস্পতিবার রাতে হোটেল কক্ষে মাথা ঘুরে পড়ে গেলে তাকে অ্যাম্বুলেন্সে হাসপাতালে নেওয়া হয়। মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে বাংলাদেশ সময় শুক্রবার সন্ধ্যা ৭টার দিকে তার মৃত্যু হয়।

২০০৬ সাল থেকে নিজ মালিকানাধীন বিভিনিউজ টোয়েন্টিফোর ডটকমের প্রকাশক ও প্রধান সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছিলেন খালিদী। এর আগে বাংলাদেশের একটি ব্রডশিট পত্রিকায় সাংবাদিকতা করেন তিনি। পরে যুক্তরাজ্যের বিবিসিতে উপস্থাপক, প্রযোজক ও সম্পাদক হিসেবেও কাজ করেছেন।

সম্প্রচার, প্রিন্ট ও ডিজিটাল—তিন মাধ্যমেই সাংবাদিকতার অভিজ্ঞতা ছিল তার। রাজনীতি, ব্যবসা, অর্থনীতি, উন্নয়ন ও আন্তর্জাতিক বিষয়সহ বিভিন্ন ক্ষেত্রে সাংবাদিকতা করেছেন তৌফিক ইমরোজ খালিদী।